



WEST BENGAL STATE UNIVERSITY

Berunanpukuria, Malikapur, Barasat
24 Parganas (North), Kolkata – 700 126
Phone No. 033 – 65406213

Reference No. WBSU/COE/UG EXAM/0122/2020

Date: September 21, 2020

আন্ডার গ্রাজুয়েট অনার্স ও জেনারেল পাট-থ্রি ২০২০ পরীক্ষার গাইড লাইন্স প্যান্ডেমিক অবস্থায় সার্স-২ এর পরিপ্রেক্ষিতে।

বিশেষ বিজ্ঞপ্তি : - যে সমস্ত ছাত্রছাত্রী পরীক্ষার ব্যবস্থাপনা, ফল সংক্রান্ত বিষয়ে অসন্তুষ্ট হবে তারা প্যান্ডেমিক অবস্থার উন্নতি হলে বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় অফ-লাইন পক্রিয়ায় পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে।

১/ যে সমস্ত ছাত্রছাত্রী/পরীক্ষার্থী উপযুক্ত রেজিস্ট্রেশন নং, রোল নং এবং এ্যাডমিট কার্ড পেয়েছে তারা বাড়ীতে বসে ওয়েবসাইটে দেওয়া প্রোগ্রাম অনুযায়ী পরীক্ষা দিতে পারবে।

২/ প্রশ্নপত্র কলেজ মারফৎ ছাত্রছাত্রীদের ই-মেল, হোয়াটস-এ্যাপ বা অন্য কোনও উপায়ে পাঠানো হবে। পরীক্ষার দিন নির্দিষ্ট সময়ে প্রশ্নপত্র রেজিস্ট্রেশন নং দিয়ে ডাউনলোড করা যাবে ওয়েবসাইট থেকে : www.wbsuexams.net.

৩/ পরীক্ষার্থী বা তাদের প্রতিনিধি এ্যাডমিট কার্ড দেখিয়ে কলেজ থেকে প্রশ্নপত্র সংগ্রহ করতে পারবে/পারবেন।

৪/ প্রশ্নপত্র পরীক্ষার দিন বেলা ১১-৩০মি. থেকে দুপুর ১২-০০ এর মধ্যে দেওয়া হবে (সামান্য আগে পরে হতে পারে) এবং ছাত্রছাত্রীরা লিখিত উত্তরপত্র ই-মেল/হোয়াটস-এ্যাপ মারফৎ ঐ দিন বেলা ৩টার মধ্যে নিজ নিজ কলেজে পাঠিয়ে দিতে পারবে। উদাহরণ হিসাবে বলা যায় ১১/০১/২০২০ যে পরীক্ষা হবে তার উত্তরপত্র ১১/০১/২০২০ তারিখে বেলা ৩-০০ এর মধ্যে পাঠাতে হবে। খাতার সঙ্গে একটি এ্যাডমিট কার্ডের ফটোকপি দিতে হবে।

৫/ কোনো পরীক্ষার্থীর উত্তরপত্র আপলোড করতে অসুবিধা হলে, লিখিত উত্তরপত্র খামবন্ধ করে নিজ নিজ কলেজে পরীক্ষার দিন নিজে অথবা প্রতিনিধি মারফৎ জমা করতে পারবে।

৬/ ছাত্রছাত্রীদের নিজেদের ভাষায় উত্তর দেওয়ার জন্য কঠোরভাবে পরামর্শ দেওয়া হচ্ছে।

৭/ ছাত্রছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের সুনির্দিষ্ট উত্তরপত্রে বা যে কোনো A4 সাইজের কাগজে পৃষ্ঠা নং দিয়ে উত্তর লিখতে বলা হচ্ছে। কলেজের প্রিন্সিপালরা বিশ্ববিদ্যালয়ের থেকে পরীক্ষার খাতা, যাতে ছাত্রছাত্রীরা পরীক্ষা দেবে, চেয়ে নিতে পারেন।

৮/ পরীক্ষার্থীর, উত্তরপত্রের উপরে প্রতি পৃষ্ঠায় রেজিস্ট্রেশন নং ও রোল নং লিখতে হবে। পৃষ্ঠা নম্বরও অবশ্যই লিখতে হবে।

৯। পরীক্ষা সংক্রান্ত অন্যান্য অতিরিক্ত বিষয়/নির্দেশাবলী সমূহ পরবর্তীকালে ওয়েবসাইটে দেওয়া হবে। ছাত্রছাত্রীদের নিয়মিতভাবে ওয়েবসাইট দেখার জন্য অনুরোধ করা হচ্ছে।

১০/ প্যান্ডেমিক অবস্থার উন্নতি হওয়ামাত্র যদি বর্তমান পদ্ধতি সম্পর্কে কোনও রকম অসন্তোষ থাকে, যে কোনও ছাত্র বা ছাত্রী চাইলে পুরানো পদ্ধতিতে অফলাইন পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় দিতে পারবে।

A. K. Mukherjee

A.K. Mukherjee
O.S.D.(Administration)
In-charge of the office of the
Controller of Examinations